অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/30/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কবাসীদের স্মরণ করিয়ে দিলেন যে "পিংক ট্যাক্স" নিষেধাজ্ঞা আজ থেকে কার্যকর হচ্ছে

লিঙ্গ ভিত্তিক "উল্লেখযোগ্যভাবে অনুরূপ" ভোক্তা পণ্য বা পরিষেবার জন্য একটি ভিন্ন মূল্য চার্জ করা থেকে ব্যবসাসমূহ নিষিদ্ধ

2021 অর্থবছরের বাজেট এবং গভর্নরের 2020 সালের নারী এজেন্ডার একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে "পিংক ট্যাক্স" নিষিদ্ধ করা হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো ঘোষণা করেছেন যে আজ থেকে নতুন সংস্কার কার্যকর হচ্ছে ব্যবসায়ীদের "পিংক ট্যাক্স" চার্জ করা নিষিদ্ধ করার জন্য, অন্যথায় যা "উল্লেখযোগ্যভাবে অনুরূপ" ভোক্তা পণ্য বা পরিষেবার জন্য বিভিন্ন মূল্য চার্জ করার অভ্যাস হিসেবে পরিচিত যা বিভিন্ন লিঙ্গের কাছে বাজারজাত করা হয়।

এপ্রিল মাসে গভর্নর 2021 অর্থবছরের নিউ ইয়র্ক স্টেট বাজেটে স্বাক্ষর করেন, যার মধ্যে "পিংক ট্যাক্স" নিষিদ্ধ করার গভর্নরের প্রস্তাব অন্তর্ভুক্ত ছিল। এই নতুন পদক্ষেপ অনুযায়ী নির্দিষ্ট পরিষেবা প্রদানকারী সংস্থাগুলিকে অনুরোধ সাপেক্ষে স্ট্যান্ডার্ড সার্ভিসের জন্য মূল্য তালিকা পোস্ট করতে হবে এবং স্টেট আইনের অধীনে লিঙ্গ-ভিত্তিক মূল্য বৈষম্য নিষিদ্ধ তা উল্লেখ করতে হবে। যে সব ব্যবসা এই আইন লঙ্ঘন করে, তাদেরকে দেওয়ানি শাস্তির আওতায় আনা হবে।

"নিউ ইয়র্ক নারী অধিকারের অগ্রগতিতে জাতিকে নেতৃত্ব দিচ্ছে এবং প্রতিবন্ধকতা ভেঙ্গে এবং নারীদের সমান সুযোগ দেওয়ার জন্য এই মাইলফলক নিউ ইয়র্কের যাত্রার সাম্প্রতিকতম পদক্ষেপ হিসেবে চিহ্নিত করেছে," **গভর্নর কুওমো বলেন।** "পিংক ট্যাক্স বিলোপের মাধ্যমে নারী এবং মেয়েরা আর ক্ষতিকর এবং অন্যায় মূল্য বৈষম্যের শিকার হবে না এবং যেকোন ব্যবসা যারা এই ঘৃণ্য চর্চা বন্ধ করতে ব্যর্থ হবে তাদের জবাবদিহি করতে হবে।"

"নারী ও মেয়েরা তাদের দৈনন্দিন জীবনের বিভিন্ন ক্ষেত্রে অসাম্যতার মুখোমুখি হন, এবং এটি গ্রহণযোগ্য নয় যে তাদের অনুরূপ পণ্য এবং পরিষেবার জন্য পুরুষদের চেয়ে বেশি মূল্য দিতে হবে," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "লিঙ্গ-ভিত্তিক মূল্য নির্ধারনের অবসান ঘটিয়ে 'পিংক ট্যাক্স' নির্মূল করলে তা আর্থিক সাফল্য নিশ্চিত করতে এবং নারীদের প্রতিবন্ধকতা রোধ

করতে সহায়তা করবে। আমরা আমাদের রাজ্যে বৈষম্যমূলক আচরণকে সহ্য করি না, এবং লিঙ্গভিত্তিক মজুরির ব্যবধান দূর করার এবং আমাদের নিউ ইয়র্কবাসীদের জন্য সম্পূর্ণ সমতা অর্জনে আমরা লড়াই চালিয়ে যাব।"

"পিংক ট্যাক্স ছিল লিঙ্গ ভিত্তিক বৈষম্য, সরল এবং সহজ," **গভর্নরের সেক্রেটারি এবং নিউ ইয়র্ক স্টেট মহিলা ও মেয়ে বিষয়ক কাউন্সিল (New York State Council on Women and Girls)-এর চেয়ারম্যান মেলিসা ডিরোজা বলেন।** "নিউ ইয়র্কে, নারীরা পুরুষদের কাছে বাজারজাত করা একই পণ্যের জন্য উচ্চ মূল্য প্রদানের অন্যায় বাস্তবতা মেনে নিতে বাধ্য হয়েছে। এটা অগ্রহণযোগ্য ছিল এবং আজ থেকে এই রাজ্য জুড়ে নারী এবং মেয়েরা আত্মবিশ্বাসী হতে পারে যে এটা আর ঘটবে না। নিউ ইয়র্ক গভর্নর কুওমোর নারী এজেন্ডার মাধ্যমে লিঙ্গ সমতা বৃদ্ধিতে ব্যাপক অগ্রগতি করেছে এবং পিংক ট্যাক্স বিলোপ একটি গুরুত্বপূর্ণ পরবর্তী পদক্ষেপ।"

সেক্রেটারি অব স্টেট রোসানা রোসাডো বলেন, "অনেক দিন ধরে, নারীরা সেবা এবং পণ্যের জন্য বেশি অর্থ প্রদান করেছে যা পুরুষদের জন্য বাজারজাতকৃত সংস্করণের সমান। আমি গভর্নর কুওমোর প্রশংসা করছি তার নেতৃত্বের জন্য এই ব্যাপকভাবে গৃহীত, দৈনন্দিন অবিচারের অবসানের জন্য, মার্কেটে সব বয়সের নারীরা যার সম্মুখীন হয়েছে। এই যুগান্তকারী আইন মার্কেটপ্লেসে নারীদের জন্য একটি নতুন এবং ন্যায্য যুগের দিকে ইঙ্গিত করে।"

1990-এর গোড়ার দিকে, বেশ কয়েকটি গবেষণা পুরুষ বা মহিলাদের জন্য বাজারজাত করা হয়েছিল কিনা তার উপর নির্ভর করে উল্লেখযোগ্যভাবে অনুরূপ পণ্য এবং পরিষেবাদির খরচে বিরাট বৈষম্য থাকার কথা উল্লেখ করেছিল। সব গবেষণায় দেখা গেছে যে নারীরা পুরুষদের জন্য বাজারজাতকৃত একই পণ্যের নারী সংস্করণের জন্য বেশি অর্থ প্রদান করে। একই পণ্যের জন্য বেশি অর্থ প্রদানের জন্য নারীদের উপর অর্থনৈতিক প্রভাব তাৎক্ষণিক কেনাকাটার তুলনায় সামগ্রিকভাবে বেশি। আজ, 30 সেপ্টেম্বর, 2020 থেকে লিঙ্গ ভিত্তিক মূল্য বৈষম্যের স্থূল যৌগিক প্রভাব নিউ ইয়র্ক রাজ্যে শেষ হয়েছে।

নতুন আইনে বলা হয়েছে যে খুচরা বিক্রেতা, সরবরাহকারী, প্রস্তুতকারক বা পরিবেশকসহ কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে দুটি "উল্লেখযোগ্যভাবে অনুরূপ" পণ্য বা পরিষেবার জন্য ভিন্ন মূল্য চার্জ করা নিষিদ্ধ করা হয়েছে, যদি এই ভিন্ন মূল্য কোন লিঙ্গের মানুষের কাছে এই সকল পণ্য বা সেবা বাজারজাত করা হচ্ছে তার ভিত্তিতে নির্ধারিত হয়ে থাকে।

"উল্লেখযোগ্যভাবে অনুরূপ পণ্য" বলতে এমন দুটি পণ্য বোঝায় যা উৎপাদন, উদ্দেশ্যপ্রণোদিত ব্যবহার, কার্যকরী নকশা এবং বৈশিষ্ট্য, এবং ব্র্যান্ডে ব্যবহৃত উপাদানের সামান্য পার্থক্য প্রদর্শন করে। "পণ্য" এর মধ্যে প্রাথমিকভাবে ব্যক্তিগত, পারিবারিক বা গৃহস্থালি উদ্দেশ্যে ব্যবহৃত, ক্রয় বা প্রদান করা এমন যেকোন ভোক্তা পণ্য অন্তর্ভুক্ত। উদাহরণস্বরূপ, একই শিশুদের সুইমিং পুল পণ্য যার ব্র্যান্ড এবং আকার একই, তা গোলাপি রঙেরটা 49.99 মার্কিন ডলার এবং নীল রঙেরটা 69.99 মার্কিন ডলার হলে তা আইনের লঙ্ঘন হবে।

"উল্লেখযোগ্যভাবে অনুরূপ সেবা" বলতে এমন দুটি সেবা বোঝায় যা সেবা প্রদানের সময় সরবরাহ, অসুবিধা এবং খরচের পরিমাণের সামান্য পার্থক্য প্রদর্শন করে। "সেবা" এর মধ্যে প্রাথমিকভাবে ব্যক্তিগত, পারিবারিক বা গৃহস্থালি উদ্দেশ্যে ব্যবহৃত, ক্রয় বা প্রদান করা এমন যেকোন ভোক্তা সেবা অন্তর্ভুক্ত। উদাহরণস্বরূপ, 12 মার্কিন ডলারের বিনিময়ে একজন মহিলার স্যুট জ্যাকেট এবং ৪ মার্কিন ডলারের বিনিময়ে একজন পুরুষের স্যুট জ্যাকেট পরিষ্কার করা আইনের লঙ্ঘন হবে।

যেকোন ব্যবসা যা একটি সেবা প্রদান করে তাদের কাছ থেকে অনুরোধ সাপেক্ষে একটি লিখিত মূল্য তালিকা পাওয়ার অধিকার প্রদান করার মাধ্যমে নতুন আইনে ভোক্তাদের ক্ষমতায়নের চেষ্টা করা হয়েছে। নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ কনজিউমার প্রোটেকশন (New York State Division of Consumer Protection) ভোক্তাদের নতুন প্রয়োজনীয়তা সম্পর্কে নিজেদের পরিচিত করতে এবং তাদের সেবা প্রদানকারীদের কাছে আগাম মূল্য তালিকার জন্য অনুরোধ করতে উৎসাহিত করে।

পণ্য বিক্রি বা সেবা প্রদানকারী যে কেউ নিম্নলিখিত উপায়ে মূল্যের পার্থক্য নিশ্চিত করে নতুন আইনের লঙ্ঘন এড়াতে পারেন:

- এই ধরনের পণ্য উৎপাদন বা এই ধরনের সেবা প্রদান করতে লাগা সময়
- এই ধরনের পণ্য উৎপাদন বা এই ধরনের সেবা প্রদানে অসুবিধা
- এই ধরনের পণ্য উৎপাদন বা এই ধরনের সেবা প্রদানের খরচ
- এই ধরনের পণ্য উৎপাদন বা এই ধরনের সেবা প্রদানে ব্যবহৃত শ্রম
- এই ধরনের পণ্য উৎপাদন বা এই ধরনের সেবা প্রদানে ব্যবহৃত উপাদান
- এই ধরনের পণ্য বা পরিষেবার খরচ বাড়ানোর অন্য কোন লিঙ্গ-নিরপেক্ষ কারণ

আইনের লঙ্ঘন কোর্টের আদেশ অনুসারে এই ধরনের বিক্রয় নিষিদ্ধ, ভোক্তাদের ক্ষতিপূরণ প্রদান করতে হতে পারে, প্রথম লঙ্ঘনের জন্য 250 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা এবং পরবর্তী যে কোন লঙ্ঘনের জন্য 500 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা হতে পারে।

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ কনজিউমার প্রোটেকশন নিউ ইয়র্ক স্টেট ভোক্তাদের শিক্ষিত, সাহায্য এবং ক্ষমতায়নে কাজ করে। 30 সেপ্টেম্বর থেকে, আপনি যদি নিউ ইয়র্ক স্টেটে বিক্রির জন্য কোন পণ্য বা সেবা খুঁজে পান যা নতুন আইন মেনে চলে না, তাহলে আপনি সোমবার থেকে শুক্রবার সকাল 8:30 টা থেকে বিকাল 4:30টা পর্যন্ত ডিভিশন অফ কনজিউমার প্রোটেকশনের সাথে যোগাযোগ করতে পারেন অথবা www.dos.ny.gov/consumerprotection ঠিকানায় অনলাইনে অভিযোগ দায়ের করতে পারেন। এই বিভাগটির সাথে যোগাযোগ করা যেতে পারে টুইটারে @NYSConsumer এ গিয়ে অথবা ফেসবুকে www.facebook.com/nysconsumer এ।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন